

PRINT

সমকাল

রাসুনিয়ায় রাতে জেএসসি পরীক্ষা দিল ৫৯ জন

১১ ঘণ্টা আগে

রাসুনিয়া (চট্টগ্রাম) প্রতিনিধি

রাসুনিয়া উপজেলায় রাতে জেএসসি পরীক্ষা দিল ৫৯ পরীক্ষার্থী। উপজেলার সুখবিলাস উচ্চ বিদ্যালয়ে (রাসুনিয়া-৬ কেন্দ্র) খ্রিষ্টান সম্প্রদায়ের পরীক্ষার্থীরা ওই পরীক্ষায় অংশ নেয়। ধর্মীয় বিধিনিষেধের কারণে গত শনিবার বিজ্ঞান বিষয়ে তাদের পরীক্ষা ওই দিন সন্ধ্যা ৬টায় নেয় কর্তৃপক্ষ। ৫৯ পরীক্ষার্থীর সবাই বাঙালহালিয়া উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী।

সুখবিলাস উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কেন্দ্র সচিব চন্দন মহাজন বলেন, খ্রিষ্টান ধর্মাবলম্বীদের 'সেভেছু ডে অ্যাডভান্টেজ সম্প্রদায়' সপ্তাহের সাত দিনের মধ্যে একদিন স্বাভাবিক কাজ না করে সৃষ্টিকর্তার ধ্যানে মগ্ন থাকে। শনিবার তাদের বিশেষ দিন হওয়ায় দিনের বেলায় পরীক্ষায়ও অংশ নেয়নি তারা। কেন্দ্রের এক হাজার ৯৩ পরীক্ষার্থীর সঙ্গে তারাও সকাল সাড়ে ৯টায় কেন্দ্রে প্রবেশ করে। সারাদিন একটি কক্ষে আবদ্ধ থেকে দুপুরের খাবার ও বিকেলের নাস্তা গ্রহণ করে তারা। পরে সন্ধ্যা ৬টায় তারা পরীক্ষা দেয়। ২০১২ সাল থেকে ওই কেন্দ্রে

বিশেষ অনুমতি নিয়ে এভাবে পরীক্ষা দিয়ে আসছে ওই সম্প্রদায়ের শিক্ষার্থীরা। রাতে বিদ্যুতের আলোতেই পরীক্ষা হয়।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com

